দৈনিক ইনকিলাব

তারিখ 27 JUN 2008
পৃষ্ঠা ১ কলাম

# পাসের হারে সকল বোর্ডের শীর্ষে এবারও মাদ্রাসা শিক্ষা বোর্ড

## পাসের হার ৮২.০৬ : মোট জিপিএ ১০,৫২৬

**স্টাফ রিপোর্টার**

গতকাল ঘোষিত ফলাফলে দেশের অন্যান্য শিক্ষা বোর্ডকে ছাড়িয়ে এবারও শীর্ষস্থান দখলে নিয়েছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। পরীক্ষার ফলাফলে মাদ্রাসা বোর্ড সর্বোচ্চ পাসের হারের গৌরব অর্জন করেছে। এ বছরের পাসের হার ৮২.০৬। গত বছরের চাইতে এ বছর পাসের হার ১৭ ভাগ বেশী। জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা হচ্ছে ১০ হাজার ৫২৬ জন। গত বছর ছিল ৬ হাজার ৮৮৯ জন। ২০০৪ সালের পাসের হার ছিল ৫৯.৪৪। ২০০৪ সালের পর গত ৪ পরীক্ষায় ফলাফলের হার বৃদ্ধি পেয়ে

পৃঃ ২ঃ কঃ ৩

## এবারও মাদ্রাসা শিক্ষা বোর্ড

*প্রথম পৃষ্ঠার পর*

এ বছর পৌঁছেছে ৮২.০৬-এ। ২০০৮ সালের দাখিল পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৮৪ হাজার ১৪ জন। উপস্থিতির সংখ্যা ছিল ১ লাখ ৮০ হাজার ৫শ' ৮৫ জন। তবে সকল আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়ে সর্বনিম্ন গ্রেড পয়েন্ট ১.০০ প্রাপ্ত পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৪৮ হাজার ১ শ' ৮৬ জন। পাসের হার ৮২.০৬%। ৯ শিক্ষা বোর্ডে ছেলে ও মেয়েদের মধ্যে পাসের ক্ষেত্রেও শীর্ষে মাদ্রাসা বোর্ডের ছাত্ররা। মাদ্রাসা বোর্ডে ছেলেদের মোট পাসের হার- ৮৪.২১ ভাগ। আলাদাভাবে মেয়েদের পাসের ক্ষেত্রেও শীর্ষে মাদ্রাসা বোর্ড। মাদ্রাসা বোর্ডে মেয়েদের পাসের হার ৭৯.৪৭ ভাগ।

**জামিয়াতুল মোদার্রেছীনের অভিনন্দন**

দাখিল পরীক্ষার ফলাফলে মাদ্রাসা বোর্ড সকল বোর্ডের শীর্ষে অবস্থান করায় বাংলাদেশের জামিয়াতুল মোদার্রেছীনের সেক্রেটারী জেনারেল মাওলানা শাব্বির আহমেদ মোমতাজী বোর্ড চেয়ারম্যান, কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মাদ্রাসা সমূহের প্রিন্সিপাল, শিক্ষক ও কর্মচারীদের অভিনন্দন জানিয়েছেন। তিনি আগামী পরীক্ষায় পাসের হার বৃদ্ধি এবং নকল প্রবণতা শূন্যের কোঠায় নামিয়ে আনার